দৈনিক জনকণ্ঠ


তারিখ ... JAN 18 2000
পৃষ্ঠা ... কলাম ...


29



# ভিকারুননিসা নূনের ইসলামাবাদে ইন্তেকাল

পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী মালিক ফিরোজ খান নূনের পত্নী ভিকারুননিসা নূন দীর্ঘ রোগভোগের পর রবিবার ইসলামাবাদে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ... রাজিউন)। ঢাকায় প্রাপ্ত এক বার্তায় জানা গেছে, সোমবার ইসলামাবাদের এক গোরস্থানে তাঁকে দাফন করা হয়েছে। এর আগে পাকিস্তানের রাজধানীতে মরহুমার বাসভবন থেকে এক শোক মিছিল বের করা হয়। খবর বাসসর।

বেগম নূন সত্তর দশকে পর্যটকমন্ত্রী ছিলেন। এছাড়া তিনি পাকিস্তান রেডক্রস সোসাইটি এবং অন্যান্য সমাজকল্যাণমূলক সংগঠনের প্রধান ছিলেন। পঞ্চাশের দশকের গোড়ার দিকে পাকিস্তানের তদানীন্তন প্রধানমন্ত্রীর পত্নীর সম্মানে মেয়েদের জন্য ঢাকায় শীর্ষস্থানীয় শিক্ষা কেন্দ্র ভিকারুননিসা নূন স্কুল প্রতিষ্ঠা করা হয়।

ভিকারুননিসা নূনের মৃত্যুতে ঢাকার ভিকারুননিসা নূন স্কুল ও কলেজ কর্তৃপক্ষ গভীরভাবে শোকাহত ও মর্মাহত। মরহুমার আত্মার মাগফিরাত কামনার জন্য আজ মঙ্গলবার সকাল ৯টায় স্কুল পরিচালনা পরিষদ, ছাত্রী-শিক্ষক সকলে স্কুলে এক দোয়া অনুষ্ঠানে মিলিত হবেন।